


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা-১২০৫।

তারিখ: ১২/০১/২০২১খ্রি.

বিজ্ঞপ্তি

ডিজিটাল লটারির মাধ্যমে ২০২১ শিক্ষাবর্ষের জন্য নির্বাচিত ছাত্র, অভিভাবক ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম থেকে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কর্তৃক প্রেরিত নির্বাচিত শিক্ষার্থীর তালিকা অনুযায়ী নিম্নলিখিত ছকে সন্নিবেশিত তথ্য মোতাবেক শিক্ষার্থী ভর্তি করা হবে।


প্রধানশিক্ষক

গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা।

ভর্তি কার্যক্রমের সময়সূচি

শ্রেণি	শিফট	সংখ্যা	ভর্তির তারিখ	সময়	নির্ধারিত ফি	ভেন্যু
প্রথম	প্রভাতি	৬০	১২-০১-২১ থেকে ১৬-০১-২১	সকাল: ০৯-১১টা	১১৭৭/-	স্কুল ভবন
	দিবা	৬০	১২-০১-২১ থেকে ১৬-০১-২১	বেলা: ১১-০১টা	১১৭৭/-	স্কুল ভবন
দ্বিতীয়	প্রভাতি	৬০	১২-০১-২১ থেকে ১৬-০১-২১	সকাল: ০৯-১১টা	১১৭৭/-	কলেজ ভবন
	দিবা	৬০	১২-০১-২১ থেকে ১৬-০১-২১	বেলা: ১১-০১টা	১১৭৭/-	কলেজ ভবন
ষষ্ঠ	প্রভাতি	১২	১২-০১-২১ থেকে ১৬-০১-২১	সকাল: ০৯-১১টা	১২০১/-	স্কুল ভবন
	দিবা	১২	১২-০১-২১ থেকে ১৬-০১-২১	বেলা: ১১-০১টা	১২০১/-	স্কুল ভবন

দ্রষ্টব্য: শ্রেণিশিক্ষকগণ শিক্ষার্থীদের তথ্য-উপাত্ত যাচাই-বাছাইপূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন এবং ছাত্র হাজিরা বহি এবং ভর্তি রেজিস্ট্রারে শিক্ষার্থীদের তথ্য লিপিবদ্ধ করবেন।

২০২১ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত নির্দেশনা:

ভর্তি ফরম পূরণ করার ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১। পাসপোর্ট সাইজের রজিন ০২ কপি ছবি।

২। জন্ম নিবন্ধন সনদের মূল কপি দেখাতে হবে এবং সত্যায়িত ০১ কপি ফরমের সাথে যুক্ত করতে হবে।

৩। পিতা ও মাতার ভোটার আইডি কার্ডের ফটোকপি।

৪। ৬ষ্ঠ শ্রেণি (স্বতন্ত্র) ক্ষেত্রে পূর্বের প্রতিষ্ঠানের ছাড়পত্র / উপযুক্ত প্রমাণাদি সংযুক্ত করতে হবে।

৫। মুক্তিযোদ্ধা/ ক্যাচমেন্ট এরিয়ার/বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী /শিক্ষা কোটার ক্ষেত্রে উপযুক্ত প্রমাণাদি দাখিল করতে হবে।

(ক্যাচমেন্ট এরিয়ার স্বপক্ষে-যেমন: হোল্ডিং ট্যাক্স/ ভাড়ার রশিদ/গ্যাস বিল/ বিদ্যুৎ বিল/যে কোন ইউটিলিটি চার্জ ইত্যাদি, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী কোটার ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদ, শিক্ষা কোটার ক্ষেত্রে পিতা-মাতার কর্মস্থলের দাপ্তরিক প্রত্যয়নপত্র ইত্যাদি)

৬। যাবতীয় পাওনাদি শিওর ক্যাশ এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

উল্লেখ্য, কোটার স্বপক্ষে যথাসময়ে উপযুক্ত প্রমাণপত্র উপস্থাপনে ব্যর্থ হলে অথবা এতে কোন প্রকার অসংগতি দেখা দিলে অথবা যথাসময়ে ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। আসন্ন শূন্য থাকা সাপেক্ষে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর তালিকা ১৮/০১/২০২১ তারিখ বেলা ১০টায় প্রকাশ করা হবে।